# হরমুজ প্রণালীতে মার্কিন এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিতের দাবি ইরানের



ছবি: সংগৃহীত

ইরানের দক্ষিণাঞ্চলীয় হরমুজগান প্রদেশের আকাশসীমায় যুক্তরাষ্ট্রের একটি এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিত করার দাবি করেছে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি)।

ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা আইআরএনএর প্রতিবেদনে বলা হয়েছে, আইআরজিসির বিমানবাহিনী উন্নত একটি প্রতিরক্ষা ব্যবস্থা ব্যবহার করে মার্কিন ড্রোনটি নামিয়ে আনে।

তবে ড্রোনটি কখন এবং কীভাবে ধ্বংস করা হয়েছে, সে বিষয়ে বিস্তারিত কোনো তথ্য প্রকাশ করেনি ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম।

কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজগান প্রদেশটি হরমুজ প্রণালির কাছাকাছি অবস্থিত। সাম্প্রতিক সময়ে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সামরিক উত্তেজনার প্রেক্ষাপটে অঞ্চলটি বিশেষ গুরুত্ব পেয়েছে। এর আগেও একই এলাকায় মার্কিন সামরিক ড্রোন ভূপাতিত করার দাবি জানিয়েছিল তেহরান।

এমকিউ-৯ রিপার যুক্তরাষ্ট্রের অন্যতম পরিচিত সামরিক ড্রোন। নজরদারি, গোয়েন্দা তথ্য সংগ্রহ এবং হামলাসহ বিভিন্ন সামরিক অভিযানে দীর্ঘদিন ধরে এটি ব্যবহার করে আসছে মার্কিন বাহিনী।

ইরানের সঙ্গে চলমান সংঘাতের মধ্যে গত ফেব্রুয়ারিতে যুদ্ধ শুরুর পর যুক্তরাষ্ট্র কয়েক ডজন এমকিউ-৯ ড্রোন হারিয়েছে বলে বিভিন্ন দাবি রয়েছে। তবে এর মধ্যে কতগুলো ইরানের হামলায় ধ্বংস হয়েছে, তা স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি।

LENS ASIA